তারিখ 08 SEP 2016
পৃষ্ঠা ৬ কলাম

যুগান্তর

### টঙ্গীতে ফের মহাসড়ক অবরোধ

# শিক্ষার্থীদের লাঠিপেটা পুলিশের : আহত ৩০

**ঢাকা (উত্তর) প্রতিনিধি**

গাজীপুরের টঙ্গীতে হাজার হাজার শিক্ষার্থী ও এলাকাবাসী ফের মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে। বুধবার সকাল ৮টা থেকে সাড়ে ১০টা পর্যন্ত এ কর্মসূচি চলে। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ বেধড়ক লাঠিপেটা করে শিক্ষার্থীদের। এতে অন্তত ৩০ জন ছাত্রছাত্রী আহত হয়।

সফিউদ্দিন সরকার একাডেমি স্কুল অ্যান্ড কলেজের ছাত্রী রাফাহ তাসনিহ নিহতের ঘটনায় ঘাতক বাসচালককে গ্রেফতার ও কলেজগেটে ফুট ওভারব্রিজ নির্মাণের দাবিতে এ বিক্ষোভ কর্মসূচি পালন করে তারা। এ সময় মহাসড়কের উভয় পাশে এবং টঙ্গী-কালীগঞ্জ মহাসড়কে কয়েক কিলোমিটারজুড়ে তীব্র যানজটের সৃষ্টি হয়। এতে গাজীপুর চৌরাস্তা-টঙ্গী-কালীগঞ্জ-হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত কার্যত অচল হয়ে পড়ে। ফলে হাজারও যাত্রীকে হেঁটে তাদের গন্তব্যের উদ্দেশে যেতে দেখা গেছে।

বিক্ষুব্ধ শিক্ষার্থীরা জানায়, নিহত রাফার ঘাতক বাসচালককে গ্রেফতার ও কলেজগেট এলাকায় একটি ফুট ওভারব্রিজ নির্মাণের দাবি জানিয়ে এলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোনো কর্ণপাত করছে না। এর আগেও বেশ কয়েকবার ফুট ওভারব্রিজ তৈরির দাবি জানালে আমাদের আশ্বাস দিয়ে বিদায় করে দেয়ার পর আর কোনো অগ্রগতি হয়নি। এতে শিক্ষার্থীরা ক্ষিপ্ত হয়ে বুধবার সকাল ৮টা থেকে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করে।

খবর পেয়ে টঙ্গী থানা, শিল্প ও দাঙ্গা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ছাত্রছাত্রীদের মহাসড়কে থেকে তাড়িয়ে দেয়ার চেষ্টা করে। এতে তারা আরও বিক্ষুব্ধ হয়ে মহাসড়কে বসে পড়ে। একপর্যায়ে শিক্ষার্থীদের উঠিয়ে দিতে পুলিশ বেধড়ক লাঠিপেটা শুরু করে। পুলিশের এলোপাতাড়ি পিটুনিতে আঁখি আক্তার, মাইশা জাহান, সাদিয়া আক্তার, তিশা আক্তার, রহমত উল্লাহ, মিকাত, সাব্বির হোসেন, তারেক হাসানসহ অন্তত ৩০ জন শিক্ষার্থী আহত হয়। তাদের উদ্ধার করে টঙ্গীর বিভিন্ন ক্লিনিকে চিকিৎসা দেয়া হয়েছে।

গাজীপুর সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আসাদুর রহমান কিরণ ঘটনাস্থলে এসে ঈদের পরে কলেজগেটে একটি ফুট ওভারব্রিজ নির্মাণের আশ্বাস দিলে সকাল সাড়ে ১০টার দিকে শিক্ষার্থীরা তাদের অবরোধ তুলে নেয়।

গাজীপুরের অতিরিক্ত পুলিশ সুপার গোলাম সবুর বলেন, ■ পৃষ্ঠা ৭ : কলাম ১

# শিক্ষার্থীদের লাঠিপেটা পুলিশের

আন্দোলনরত ছাত্রছাত্রীদের কোনো প্রকার লাঠিপেটা করা হয়নি। তবে পুলিশ সদস্যরা বাঁশি বাজিয়ে তাদের মহাসড়ক থেকে উঠাতে গেলে হুড়োহুড়ি করে আহত হয়ে থাকতে পারে। গাজীপুর সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আসাদুর রহমান কিরণের সঙ্গে যোগাযোগ করা হলে যোগাযোগমন্ত্রীর বরাত দিয়ে তিনি বলেন, যোগাযোগমন্ত্রীর সঙ্গে আমার কথা হয়েছে। ঈদের ছুটির পরেই কলেজগেট এলাকায় একটি ফুট ওভারব্রিজ নির্মাণের কাজ ধরা হবে। উল্লেখ্য, গত রোববার সন্ধ্যায় কোচিং শেষে স্থানীয় দত্তপাড়া বাসায় ফেরার পথে সফিউদ্দিন সরকার একাডেমি স্কুল অ্যান্ড কলেজের সপ্তম শ্রেণীর ছাত্রী রাফাহ তাসনিহ গাড়িচাপায় নিহত ও তার মা রাবেয়া খাতুন গুরুতর আহত হন।